

29/08/2023



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৩/২৮১৩

তারিখ: ২৮/০৮/২০২৩

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্রিপে অনলাইন আবেদন  
সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্রিপে অনলাইন আবেদন ০৩ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) ১ম/২য়/কোটা/১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ প্রিপে আবেদন করতে হবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী ২য় রিলিজ প্রিপে আবেদন করতে পারবে না। উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম/২য়/কোটা/১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২য় রিলিজ প্রিপে আবেদন করতে ইচ্ছুক হলে, তাকে অবশ্যই ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Prospectus (Honours)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ প্রিপে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	আবেদনের তারিখ
১)	২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্রিপে অনলাইন আবেদনের তারিখ: ক) রিলিজ প্রিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ প্রিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারীকে পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ প্রিপের আবেদন ফরম পূরণ করতে হবে। গ) আবেদনকারীকে রিলিজ প্রিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না। ঘ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক রিলিজ প্রিপের আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	০৩/০৯/২০২৩ থেকে ১৭/০৯/২০২৩

২৮/০৮/২০২৩  
(প্রফেসর ড. মো: নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৩/২৮১৩

তারিখ: ২৮/০৮/২০২৩

অনুলিপি :

- ১। স্কুল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

২৮/০৮/২০২৩  
(মো: কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (সম্মান)  
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
ই-মেইল- [drughonours@gmail.com](mailto:drughonours@gmail.com)